রেজিস্ট্রার অফিস
**ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি**
ঢাকা ১২০৬, বাংলাদেশ

**Office of the Registrar**
**Dhaka Central University**
**Dhaka 1206, Bangladesh**

স্মারক নং- ০৫(৫০১)ডিসিইউ/রেজি:/প্রশা:/২০২৬/১/২৮২

তারিখঃ ১৭-০৯-২০২৬

**কোর্স এনরোলমেন্ট ও রেজিস্ট্রেশনের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির সংযুক্ত কলেজসমূহে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও কোর্স এনরোলমেন্টের সময়সীমা ২০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীকে উক্ত সময়সীমার মধ্যে রেজিস্ট্রেশন ও কোর্স এনরোলমেন্টের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

নির্ধারিত সময়সীমার পর রেজিস্ট্রেশন ও কোর্স এনরোলমেন্ট সম্পন্ন করার জন্য আর কোনো সুযোগ দেওয়া হবে না। তাই পরবর্তীতে কোনো ধরনের জটিলতা বা অসুবিধা এড়াতে নির্ধারিত সময়ের মধ্যেই সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য বিশেষভাবে নির্দেশ দেওয়া হলো।

এনরোলমেন্ট সংক্রান্ত ভিডিও টিউটোরিয়াল ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অফিসিয়াল অনলাইন প্ল্যাটফর্মসমূহে পাওয়া যাবে।
Official Facebook Page: https://www.facebook.com/dcuacbdofficial/
Official YouTube Channel: https://www.youtube.com/@dcuacbdofficial

এনরোলমেন্ট সংক্রান্ত যে কোনো সমস্যা বা জটিলতার ক্ষেত্রে শিক্ষার্থীরা নিম্নোক্ত লিংকে প্রবেশ করে Support Ticket ওপেন করে বিস্তারিত সমস্যা জানাতে পারবে অথবা registration@dcu.ac.bd ঠিকানায় ই-মেইল করতে পারবে।

Support Ticket: https://dcu.ac.bd/support-ticket/new

ভাইস-চ্যান্সেলরের নির্দেশক্রমে

১৭/০৯/২০২৬
মো: শহীদুর রহমান
রেজিস্ট্রার